

স্মারক নং- ৩২.০১.০০০০.০৪৭.২৯.০৬৫.১৮-১৬৩

তারিখ: ২৪ ফাল্গুন, ১৪২৮ বঙ্গাব্দ  
০৯ মার্চ, ২০২২ খ্রিষ্টাব্দ

### প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নায়ী “উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ” শীর্ষক প্রকল্পের অধীনে ৮ টি বিভাগীয় শহর (রাজশাহী বিভাগের পাবনা জেলায়) ও ৪০১ টি উপজেলায় নিম্ন বর্ণিত ট্রেডে দরিদ্র, সুবিধা বঞ্চিত (১৬-৪৫ বছর) মহিলাদের বিনামূল্যে আয়বর্ধক প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী মহিলাদের নিকট থেকে ০১ এপ্রিল ২০২২ হতে ৩০ জুন ২০২২ পর্যন্ত (১৪তম ও ১৫তম ব্যাচের জন্য) অন্তিমত্বা প্রশিক্ষণের জন্য **Online**-এ আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ-

ট্রেডের নাম	প্রশিক্ষণের স্থান	প্রশিক্ষণের মেয়াদ	আসন সংখ্যা	বয়স সীমা	যোগ্যতা
১। ফ্যাশন ডিজাইন ২। বিউটিফিকেশন ৩। ক্রিস্টাল শোপিং ও ডেকোরেটেড কেভেল মেকিং (মোমবাতি) ৪। মার্শরুম চাফ, ডার্মি কম্পোষ্ট ও মৌচাফ ৫। শতরঞ্জি ও হস্তশিল্প ৬। ফুড প্রেসিং ৭। বেবি কেয়ার ও হাউজকিপিং	উপজেলা পর্যায়ে (৪০১টি উপজেলা)	৩ মাস মেয়াদী ৬০ দিন ব্যাপী	প্রতি উপজেলায় ২টি ট্রেড প্রতি ট্রেডে ২৫ জন করে ২টি ব্যাচে সর্বমোট (২৫জন X ২ ব্যাচ X ২ ট্রেড) = ১০০ জন। (উপজেলা ওয়ারী প্রশিক্ষণ ট্রেডের তালিকা ওয়েবসাইটে পাওয়া যাবে)	১৬-৪৫ বছর	দরিদ্র ও সুবিধা বঞ্চিত নারী (ইতিপূর্বে সংশ্লিষ্ট প্রকল্প হতে প্রশিক্ষণ প্রাপ্ত কোন প্রার্থী আবেদন করতে পারবেন না)
৮। মটর ড্রাইভিং	৭টি বিভাগীয় শহরে এবং রাজশাহী বিভাগের পাবনা জেলায়।	৩ মাস মেয়াদী ৬০ দিন ব্যাপী	প্রতি ব্যাচে ৩০ জন	২১-৪৫ বছর	১। ন্যূনতম এসএসসি পাশ হতে হবে। ২। মানসিক ও শারীরিকভাবে সুস্থ হতে হবে।

নিম্ন বর্ণিত শর্তাবলী ও নিয়মাবলী আবেদন ফরম পূরণ এবং প্রশিক্ষণে অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবেঃ

০১। প্রশিক্ষণে অংশগ্রহণ করতে ইচ্ছুক আগ্রহী প্রার্থীকে আইজিএ প্রকল্পের ওয়েবসাইট ([dga.dwa.gov.bd](http://dga.dwa.gov.bd)) এর মাধ্যমে কেবলমাত্র অনলাইনে প্রশিক্ষণে ভর্তির আবেদন করতে হবে। **Online**-এ আবেদনের নিয়মাবলী ওয়েবসাইটে দেয়া আছে। আবেদনের জন্য কোন ফি জমা দিতে হবে না। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

(ক) **Online** - এ আবেদনপত্র পূরণের তারিখ ও সময়ঃ ১০/০৩/২০২২ খ্রিঃ সকাল-০৯.০০ টা হতে ২৬/০৩/২০২২ খ্রিঃ বিকাল-৫.০০ টা। উল্লেখ্য, এই সময়ের মধ্যেই পূরণকৃত আবেদনপত্রের PDF কপি আবশ্যিক ভাবে ডাউনলোড করে প্রিন্ট করে নিতে হবে।

(খ) **Online**- এ আবেদনপত্রে প্রার্থী তীর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৩০০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 300 KB হতে হবে।

(গ) বিভাগীয়/জেলা/উপজেলা পর্যায়ে (যোহার জন্য যা প্রযোজ্য) আবেদনপত্রের প্রিন্ট কপি জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ২৭/০৩/২০২২খ্রিঃ বিকাল-৪.০০ টা।

০২। **Online**- এ আবেদন করে আবেদনপত্রের প্রিন্ট কপিতে প্রার্থীর স্বহস্তে স্বাক্ষর (স্বাক্ষর বিহীন কোন আবেদনপত্র গ্রহণযোগ্য নহে) পূর্বক ০২ (দুই) কপি মূল আবেদনপত্র প্রার্থী যে উপজেলা ও বিভাগে প্রশিক্ষণ গ্রহণ করতে ইচ্ছুক, সেই উপজেলার উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে ও বিভাগীয় পর্যায়ে প্রশিক্ষণের ক্ষেত্রে মূল আবেদনপত্র সংশ্লিষ্ট জেলার উপ-পরিচালকের কার্যালয়ে দাখিল করতে হবে। শুধুমাত্র ঢাকা বিভাগের বিভাগীয় পর্যায়ে মটর ড্রাইভিং ট্রেডের অনলাইন আবেদন প্রকল্প কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, রুম নং-৭০৭, ৩৭/৩, ইন্টারন গার্ডেন রোড, ঢাকা দাখিল করতে হবে তা না হলে আবেদন গ্রহণযোগ্য হবে না।

০৩। **Online**- এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে **Submit** করা হলেও নির্ধারিত তারিখের মধ্যে আবেদনপত্রের প্রিন্ট কপি বিভাগীয় পর্যায়ে প্রশিক্ষণের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার উপ-পরিচালকের কার্যালয়ে এবং উপজেলা পর্যায়ে প্রশিক্ষণের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে জমা না দেয়া পর্যন্ত কোন অবস্থাতেই আবেদনপত্র বিবেচনাযোগ্য হবে না। ছবি এবং স্বাক্ষরবিহীন কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

০৪। বিজ্ঞপ্তিতে বর্ণিত আসন সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা ট্রেড বাতিল/ সংশোধন বা সংযোজন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০৫। প্রশিক্ষণার্থী বাছাই ও ভর্তির ক্ষেত্রে বিভাগ ও উপজেলা প্রশিক্ষণার্থী নির্বাচন/বাছাই কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় প্রশিক্ষণার্থীর ভর্তি প্রক্রিয়া স্থগিত/ বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

০৬। সফলভাবে প্রশিক্ষণ শেষে প্রত্যেক প্রশিক্ষণার্থীকে প্রতিদিনের হাজিরার জন্য ২০০/- (দুইশত) টাকা করে ৬০ (ষাট) দিনের প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে।

০৭। **Motor Driving with basic maintance** ট্রেডটি উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ প্রকল্প হতে বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) এর মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হবে।

০৮। মটর ড্রাইভিং ট্রেডে প্রশিক্ষণ প্রাপ্ত প্রশিক্ষণার্থীদের শিক্ষানবিশ ও পেশাদার লাইসেন্স বাবদ পরিক্ষার ফি প্রকল্প কার্যালয় পরিশোধ করবেন।

০৯। আবেদনপত্র বাংলায় পূরণ করতে হবে (কেবলমাত্র ইংরেজীতে পূরণের নির্দেশনা ব্যতিরেকে)।

১০। নির্ধারিত সময়ের মধ্যে **Online**- এ আবেদন করা না হলে পরবর্তীতে কোনক্রমেই কোন আবেদন গ্রহণ করা হবে না।

(মোঃ তরিকুল আলম)

যুগ্মসচিব

ও

প্রকল্প পরিচালক

জরুরী প্রয়োজনে যোগাযোগ- ০১৭৪৩-৬৮৩২২৯, ০১৭১৪-২২৭০৫৮